দৈনিক ইত্তেফাক

4 MAY 2017
২০ ৫

# ৩৮তম বিসিএসের সার্কুলার জুনের মধ্যেই

■ সাইদুর রহমান

আগামী জুন মাসের মধ্যেই ৩৮তম বিসিএসের সার্কুলার জারি করতে যাচ্ছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এপ্রিল মাসে সার্কুলার জারির পরিকল্পনা থাকলেও নানা ব্যস্ততার কারণে তা সম্ভব হয়নি। বাংলার পাশাপাশি ইংরেজি প্রশ্নে অনুষ্ঠিতব্য এই বিসিএসে দুই হাজারের অধিক ক্যাডার নিয়োগের সুপারিশ করা হবে। ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৩৮তম বিসিএসের শূন্য পদের তালিকা পেয়েছে কমিশন। এদিকে মে মাসের মধ্যেই ৩৫তম বিসিএসের নন-ক্যাডার পদের ফলাফল ঘোষণা শেষ করার পরিকল্পনা করেছে কমিশন। এ বিষয়ে জানতে চাইলে পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ইত্তেফাককে একথা বলেন।

পিএসসি সূত্রে জানা গেছে, গত ১২ মার্চ থেকে ১২ এপ্রিল পর্যন্ত ৩৬তম বিসিএসের মৌখিক পরীক্ষা নিয়ে ব্যস্ত ছিল কমিশন। আগামী মে মাসেও ৩৬তম বিসিএসের মৌখিক পরীক্ষা নিয়ে ব্যস্ততা রয়েছে। দুটি ক্যাডারে নিয়োগদানের বিধি নিয়ে জটিলতার সৃষ্টি হওয়ায় পৃষ্ঠা ২ কলাম ৩

## ৩৮তম বিসিএসের

২০ পৃষ্ঠার পর

জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছে কমিশন।

আগামী বিসিএস লিখিত পরীক্ষায় ৫০ নম্বর মুক্তিযুদ্ধ বিষয়ক প্রশ্ন রাখার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে পিএসসি। তবে আগামীতে কত নম্বরের লিখিত পরীক্ষা হবে- সে বিষয়ে এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি। আলোচনা হচ্ছে- ৯০০ নম্বরের পরিবর্তে ৫০০ নম্বরের লিখিত পরীক্ষা হতে পারে। এছাড়াও বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় বাংলার পাশাপাশি ইংরেজি ভার্সনে প্রশ্ন প্রণয়ন করা হবে। এতে করে ইংরেজি ভার্সন ও ইংরেজি মাধ্যম থেকে আসা শিক্ষার্থীরা আগামীতে পরীক্ষা দিতে পারবেন ইংরেজি ভাষাতেই। ৯০০ নম্বরের বাইরে উভয় ক্যাডারের জন্য বিষয়ভিত্তিক ২০০ নম্বরের পরীক্ষা বাদ দেওয়ার উপায় খুঁজছে কমিশন।

এদিকে, ৩৫তম বিসিএসের নন-ক্যাডার নিয়োগে কোটা পদ্ধতি শিথিলের প্রস্তাবে মন্ত্রিপরিষদ অনুমোদন দেওয়ার পর গত ১৭ এপ্রিল ৩৯৮ জন প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগের জন্য সুপারিশ করে সাংবিধানিক প্রতিষ্ঠানটি। মে মাসের প্রথমভাগে প্রথম শ্রেণির আরো ৩শ নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করা হবে। মে মাসের শেষ ভাগে দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদের সুপারিশ করবে পিএসসি। গত বছরের ১৭ আগস্ট ৩৫তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ৫ হাজার ৫৩৩ জন উত্তীর্ণ হন। এর মধ্যে ২ হাজার ১৫৮ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করা হলেও পদস্বল্পতার কারণে ৩ হাজার ৩৫৯ জনকে নন-ক্যাডারের জন্য রাখা হয়। গত নভেম্বরে নন-ক্যাডারে নিয়োগের জন্য প্রথমবারের মতো অনলাইনে আবেদনপত্র নেওয়া হয়েছে। ২ হাজার ৬২৬ জন এতে আবেদন করেছেন। টেকনিক্যালসহ ২ হাজার ৫শ'র মতো নন-ক্যাডার প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগের সুপারিশ করতে পারবে কমিশন। প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে প্রায় সাতশোর মতো পদের চাহিদা পেয়েছে পিএসসি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| [illegible] বিভাগ | |
| [illegible] বিভাগ | |
| [illegible] এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| [illegible] কর্মকর্তা | |
| [illegible] | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর